

ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট এন্ড পেমেন্ট সিস্টেমস

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

ডিসিএমপিএস সার্কুলার নং — ১২/২০১০

তারিখ : ৩১ অক্টোবর, ২০১০
১৬ কার্তিক, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

আঞ্চলিক নিকাশঘর সমূহের অন্তর্গত ব্যাংক হতে MICR যুক্ত ইন্সট্রুমেন্ট ইস্যু করা প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ডিসিএমপিএস সার্কুলার নং-০৭, জুলাই ২৬, ২০১০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারের মাধ্যমে ৩১ অক্টোবর ২০১০ এর মধ্যে দেশের আঞ্চলিক নিকাশঘর সমূহের অন্তর্গত তফসিলী ব্যাংকের সকল শাখার গ্রাহকদের নিকট হতে Non-MICR চেকসমূহ Phase Out করে তদস্থলে MICR যুক্ত চেক ইস্যু করার জন্য পরামর্শ প্রদান করা হয়। কিন্তু আঞ্চলিক নিকাশঘর সমূহ হতে প্রাপ্ত সর্বশেষ পরিসংখ্যান হতে দেখা যাচ্ছে যে, এখনো উল্লেখযোগ্য সংখ্যক ব্যাংক Non-MICR ইন্সট্রুমেন্ট Phase Out করতে সক্ষম হয়নি।

এমতাবস্থায়, জনগনের দুর্ভোগের কথা বিবেচনা করে আঞ্চলিক নিকাশঘর সমূহে Non-MICR ইন্সট্রুমেন্ট গ্রহণের সময়সীমা নিম্নের তালিকা অনুযায়ী বর্ধিত করা যাচ্ছে :

ক্রমিক	আঞ্চলিক নিকাশঘর	Non-MICR ইন্সট্রুমেন্ট গ্রহণের শেষ তারিখ
০১।	চট্টগ্রাম ও সিলেট	৩০ নভেম্বর ২০১০
০২।	দেশের অবশিষ্ট সকল নিকাশ ঘর	৩০ ডিসেম্বর ২০১০

আঞ্চলিক নিকাশঘর সমূহে অংশগ্রহণকারী সকল ব্যাংক-কে এ বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা যাচ্ছে। এ সময়সীমা কোনক্রমেই আর বর্ধিত করা হবে না।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/=

(জিন্নাতুল বাকেয়া)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৭১২০৩৭২